গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০১৪ **তারিখঃ** ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ এইচ,এস, কোড ২৪০২.২০.০০ এর আওতাধীন সিগারেটের খুচরা মূল্য বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মূল্যস্তর ভেদে বিভিন্ন স্ট্যাম্প/ব্যান্ডরোল ব্যবহার এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধ প্রসঙ্গে।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১০৯–আইন/২০১৪/৭০৪-মূসক, তারিখ ০৫ জুন, ২০১৪ খ্রিঃ অনুসারে ২৪০২.২০.০০ এইচ,এস,কোডের অধীনে সিগারেটের মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হার বৃদ্ধি করা হয়েছে। নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্ক নিম্নরূপ ঃ

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)	সম্পূরক শুল্ক হার (%)
২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে) ঃ	
		(১) পনের টাকা হইতে ষোল টাকা পঞ্চাশ পয়সা পর্যন্ত	৪৩
		(২) বত্রিশ টাকা পঞ্চাশ পয়সা হইতে পঁয়ত্রিশ টাকা পর্যন্ত	৬০
		(৩) পঞ্চাশ টাকা হইতে চুয়ান্ন টাকা পর্যন্ত	৬১
		(৪) নব্বই টাকা হইতে ততোধিক	৬১

০২। নতুন মূল্যস্তরের বিপরীতে বিভিন্ন স্ট্যাম্পের ও ব্যান্ডরোলের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ তথা সঠিক পরিমাণ মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আদায়ের/পরিশোধের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ প্রদান করছে ঃ

(ক) নতুন খুচরা মূল্যস্তরের ভিত্তিতে সিগারেট সরবরাহের লক্ষ্যে সকল ব্রান্ডের সিগারেটের ক্ষেত্রে উৎপাদনকারীগণকে সংশোধিত মূল্য অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে পণ্য খালাস গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায় নিশ্চিত করবেন;

(খ) ০৫ জুন, ২০১৪ বা তার পরে সরবরাহ করা সকল সিগারেটের ক্ষেত্রেই (পূর্বে উৎপাদিত ও মজুদ সহ) নুতন মূল্যস্তর অনুযায়ী শুল্ক-কর আদায় নিশ্চিত করতে হবে। ০৫ জুন, ২০১৪ তারিখের পূর্বের খুচরা মূল্য মুদ্রিত সিগারেটের প্যাকেটে সীল দ্বারা নতুন খুচরা মূল্য মুদ্রিত করতে হবে। ব্যবহারের জটিলতা পরিহার করার লক্ষ্যে সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান যত শীঘ্র সম্ভব নতুন খুচরা মূল্যের প্যাকেট মুদ্রণের ব্যবস্থা নিবে;

(গ) সিগারেটের নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার কার্যকর হওয়ায় সঠিক রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রত্যেক কমিশনার, মূল্য সংযোজন কর তার স্ব-স্ব অধিক্ষেত্রভুক্ত প্রত্যেকটি সিগারেট

উৎপাদনকারী প্রতিষ্ঠানে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২৬খ এর উপ-ধারা (১) অনুযায়ী তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মূল্য সংযোজন কর কর্মকর্তা পদস্থ করবেন;

(ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি ব্রান্ডের সিগারেটের প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্যা, খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত: রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করবেন।

(ঙ) কমিশনারগণ আদেশের (ক) থেকে (ঘ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারী ও তদারকি করবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকলে তা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করবেন। এছাড়া, নতুন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ০৪ জুন, ২০১৪ তারিখের সিগারেটের সমাপণী মজুদ, পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নতুন স্ট্যাম্প ও ব্যান্ড রোল এবং খালি মোড়কের মজুদ তথ্য ছক 'ক' এ গ্রহণ করবেন এবং দায়িত্ব প্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বাক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক বিভাগীয় দপ্তরে ও এক কপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় বরাবরে ০৫ জুন, ২০১৪ তারিখের মধ্যে পেশ করতে হবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবেন।

০৩। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ২৬/মূসক/২০১৩ রহিত করিল।

ছক-ক

প্রতিষ্ঠানের নাম ঃ ....
ঠিকানা ঃ ....
মূসক নিবন্ধন নং - ....
মজুদ গ্রহণের তারিখ ও সময় ঃ ....

(ক) উৎপাদিত সিগারেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	সিগারেটের ব্রান্ডের নাম	প্যাকেটের ধরণ (হার্ড/সফ্‌ট/ শেল এন্ড স্লাইড)	প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা	স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং)	প্রতি প্যাকেটের মুদ্রিত খুচরা মূল্য	মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

(খ) অব্যবহৃত মুদ্রিত সিগারেটের প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	সিগারেটের ব্রান্ডের নাম	প্যাকেটের ধরণ (হার্ড/সফ্‌ট/শেল এন্ড স্লাইড)	প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা	প্রতি প্যাকেটে মুদ্রিত খুচরা মূল্য	মজুদ অব্যবহৃত প্যাকেটের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

(গ) অব্যবহৃত স্ট্যাম্প বা ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা	প্যাকেটের ধরণ	স্ট্যাম্প/ব্যান্ডরোল	স্ট্যাম্প বা ব্যান্ডরোলের ডিজাইন (রং)	অব্যবহৃত স্ট্যাম্প/ব্যান্ডরোলের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

(ঘ) নতুন স্ট্যাম্প/ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্য ঃ (চাহিদা পত্রের ভিত্তিতে)

ক্রমিক নং	প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা	প্যাকেটের ধরণ (হার্ড/সফ্‌ট/শেল এন্ড স্লাইড)	স্ট্যাম্প/ব্যান্ডরোল	স্ট্যাম্প/ব্যান্ডরোলের ডিজাইন (রং)	মজুদ সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

(ঙ) নুতন খুচরা মূল্যের ভিত্তিতে মুদ্রিত সিগারেটের প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্য ঃ

ক্রমিক নং	সিগারেটের ব্রান্ডের নাম	প্যাকেটের ধরণ (হার্ড/সফ্‌ট/শেল এন্ড স্লাইড)	প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা	প্রতি প্যাকেট মুদ্রিত খুচরা মূল্য	মজুদ প্যাকেটের সংখ্যা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

ছক-খ

সিগারেটের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ .... ।

.... মাস পর্যন্ত ।

ক্রমিক নং	সিগারেটের ব্রান্ড নাম	প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা	------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত								------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত								পার্থক্য ১১-১৯
			সম্পূরক শুল্কের হার	খুচরা মূল্য	প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক	প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক	সরবরাহকৃত প্যাকেট সংখ্যা	সম্পূরক শুল্ক	মূসক	মোট	সম্পূরক শুল্কের হার	প্রতি প্যাকেটের খুচরা মূল্য	প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক	প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক	সরবরাহকৃত প্যাকেট সংখ্যা	সম্পূরক শুল্ক	মূসক	মোট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
(১)																			
(২)																			
(৩)																			
মোট																			
(৪)																			
(৫)																			
(৬)																			
মোট																			
(৭)																			
(৮)																			
(৯)																			
মোট																			
সর্বমোট																			

ছক-গ

সিগারেটের রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ .... ।

মাসের নাম ঃ .... ।

ক্রমিক নং	সিগারেটের ব্রান্ড নাম	প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা	------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস								------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস								পার্থক্য ১১-১৯
			সম্পূরক শুল্কের হার	খুচরা মূল্য	প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক	প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক	সরবরাহকৃত প্যাকেট সংখ্যা	সম্পূরক শুল্ক	মূসক	মোট	সম্পূরক শুল্কের হার	প্রতি প্যাকেটের খুচরা মূল্য	প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক	প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক	সরবরাহকৃত প্যাকেট সংখ্যা	সম্পূরক শুল্ক	মূসক	মোট	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
(১)																			
(২)																			
(৩)																			
মোট																			
(৪)																			
(৫)																			
(৬)																			
মোট																			
(৭)																			
(৮)																			
(৯)																			
মোট																			
সর্বমোট																			

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ হাসমত আলী]
দ্বিতীয় সচিব (মূসক)